

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, সেপ্টেম্বর ২৫, ২০২২

[বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]

মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি

প্রজ্ঞাপন

তারিখ : ২৯ ভাদ্র, ১৪২৯ বঙ্গাব্দ/১৩ সেপ্টেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ

এস, আর, ও নং ২৮৯-আইন/২০২২।—মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি আইন, ২০০৬ (২০০৬ সনের ৩২ নং আইন) এর ধারা ৫১ তে প্রদত্ত ক্ষমতাবলে, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি, সরকারের পূর্বানুমোদনক্রমে, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি বিধিমালা, ২০১০ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালার—

(১) বিধি ২২ এর—

(ক) উপ-বিধি (২) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (২) প্রতিস্থাপিত হইবে,
যথা :—

“(২) পরিচালনা পর্ষদের অনুমোদনক্রমে, ক্ষুদ্রঝণ প্রতিষ্ঠানের নামে স্থাবর বা
অস্থাবর সম্পত্তি ক্রয় বা বিক্রয় করিতে হইবে।”;

(খ) উপ-বিধি (৩) বিলুপ্ত হইবে;

(১৫৫১৫)

মূল্য : টাকা ৪.০০

(২) বিধি ২৪ এর—

(ক) উপ-বিধি (৩) এ উল্লিখিত “অর্ধেকের” শব্দের পরিবর্তে “৬০% এর” সংখ্যা, চিহ্ন ও শব্দ প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-বিধি (৬) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৬) প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(৬) কোনো সদস্যকে প্রদত্ত এককালীন খণ্ড সাংগ্রাহিক, পার্কিং, মাসিক, ত্রৈমাসিক বা ষাণ্মাসিক কিসিতে অথবা এককালীন আদায় করা যাইবে।”;

(৩) বিধি ২৪ এর—

(ক) দফা (খ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (খ) প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(খ) সর্বশেষ ৩ (তিনি) বৎসর লাভজনকভাবে প্রতিষ্ঠান পরিচালনার দায়িত্বে প্রাকৃতিক প্রমাণ থাকিতে হইবে:

তবে শর্ত থাকে যে, প্রাকৃতিক দুর্যোগ বা দৈব-দুর্বিপাক বা অনুরূপ অন্য কোনো কারণে ক্ষুদ্রঝঁঁ প্রতিষ্ঠান কোনো অর্থ বৎসরে লোকসান করিলে উক্ত অর্থ বৎসর বাদ দিয়া ধারাবাহিক লাভজনকের বিষয়টি বিবেচনা করা যাইবে এবং সেইক্ষেত্রে প্রাকৃতিক দুর্যোগ বা দৈব-দুর্বিপাক বা অনুরূপ অন্য কোনো কারণের বিষয়টি কর্তৃপক্ষের নিকট গ্রহণযোগ্য হইতে হইবে;”

(খ) দফা (ঙ) এ উল্লিখিত “২৫%” সংখ্যা ও চিহ্নের পরিবর্তে “৪০%” সংখ্যা ও চিহ্ন প্রতিস্থাপিত হইবে;

(৪) বিধি ২৯ এর—

(ক) দফা (খ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (খ) প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(খ) সর্বশেষ ৫ (পাঁচ) বৎসর লাভজনকভাবে প্রতিষ্ঠান পরিচালনার দায়িত্বে প্রাকৃতিক প্রমাণ থাকিতে হইবে:

তবে শর্ত থাকে যে, প্রাকৃতিক দুর্যোগ বা দৈব-দুর্বিপাক বা অনুরূপ অন্য কোনো কারণে ক্ষুদ্রঝঁঁ প্রতিষ্ঠান কোনো অর্থ বৎসরে লোকসান করিলে উক্ত অর্থ বৎসর বাদ দিয়া ধারাবাহিক লাভজনকের বিষয়টি বিবেচনা করা যাইবে এবং সেইক্ষেত্রে প্রাকৃতিক দুর্যোগ বা দৈব-দুর্বিপাক বা অনুরূপ অন্য কোনো কারণের বিষয়টি কর্তৃপক্ষের নিকট গ্রহণযোগ্য হইতে হইবে;”

- (খ) দফা (ঙ) এ উল্লিখিত “২৫%” সংখ্যা ও চিহ্নের পরিবর্তে “৫০%” সংখ্যা ও চিহ্ন প্রতিস্থাপিত হইবে; এবং
- (৫) বিধি ৩৪ এর উপ-বিধি (১) এ উল্লিখিত “১৫% তারল্য সঞ্চিত হিসাবে শাখা” সংখ্যা, চিহ্ন ও শব্দগুলির পরিবর্তে “১০% তারল্য সঞ্চিত হিসাবে প্রধান কার্যালয় বা শাখা” সংখ্যা, চিহ্ন ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

কর্তৃপক্ষের আদেশক্রমে

মোঃ ফসিউল্লাহ
এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান
মাইক্রোকেডিট রেগুলেটরী অথরিটি
মগবাজার, ঢাকা।